দৈনিক বাংলা

তারিখ 19 JUN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৩

# বরিশালে ৩৭ হাজার শিশু স্কুলে যায় না

নিজস্ব সংবাদদাতা ঃ বরিশাল।– জেলার ৩৭ হাজার ৪৬৭টি শিশু বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে না। তারা লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত।

বরিশাল জেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী ৬ থেকে ১০ বছর বয়সের শিশুর সংখ্যা হচ্ছে ৩ লাখ ৩৪ হাজার ২০৬ জন। তাদের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে যায় ২ লাখ ৯৬ হাজার ৭৩৯টি শিশু। এ সংবাদ প্রাথমিক শিক্ষা বিভাগের। এদের মধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে এমন শিশুদের সংখ্যা ২ লাখ ৩৮ হাজার ১৫৫ ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে এমন শিশুদের সংখ্যা ৫৮ হাজার ৫৮৪ জন।

অভিজ্ঞ মহলের মতে কাগজপত্রে এ হিসাব দেখানো হলেও বিদ্যালয়ে বাস্তবে শিশুদের উপস্থিতির সংখ্যা অনেক কম।

তাছাড়া, বেসরকারী বহু প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ঘর নেই। যা আছে তার অধিকাংশের চাল দিয়ে অঝর ধারায় বর্ষার পানি পড়ে সব সয়লাব করে দেয়। এসব স্কুলে প্রয়োজনীয় সংখ্যক টেবিল, চেয়ার, বেঞ্চ পর্যন্ত নেই। শিক্ষকগণ নিয়মিত বেতন পর্যন্ত পান না।

পাশাপাশি সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে অনেক বিদ্যালয়ে স্থানাভাব ও শিক্ষা সরঞ্জাম সংকট রয়েছে।